গত ২৬.০৯.২০১৫ তারিখে ঢাকা মহানগরীর লালবাগ এলাকায় এক রিজার্ভার ট্যাংকে পড়ে যাওয়া কোরবানির পশুকে ফায়ার সার্ভিসের কর্মীবাহিনী কর্তৃক উদ্ধার করা হয়।

গত ১১. ০৫.২০১৮ তারিখে উত্তরা আবাসিক এলাকার ১৪ নং সেক্টরের ১৭ নং রোডের ৮২ নং বহুতল ভবনের কার্নিশে একটি বিড়াল আটকে পড়ে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীবৃন্দ বিড়ালটিকে দ্রুত উদ্ধার করে।



উত্তরায় ভবনের কার্নিশে আটকে পড়া বিড়াল উদ্ধার

### অগ্নি ঝুঁকি নিরূপণ ও অগ্নি নিরাপত্তা বৃদ্ধিকল্পে জরিপ কার্যক্রম পরিচালনা

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর পরিদর্শন টিম কর্তৃক সম্প্রতি বিভিন্ন প্রতিষ্ঠানের অগ্নি ঝুঁকি নিরূপণ ও অগ্নি নিরাপত্তা বৃদ্ধিকল্পে জরিপ কার্যক্রম পরিচালনা করা হয়েছে এবং অধিক ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠানগুলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে। পরিদর্শনে প্রাপ্ত ফলাফল নিম্নের ছকে উপস্থাপন করা হলো ঃ

| ক্রমিক | প্রতিষ্ঠান | অতি ঝুঁকিপূর্ণ | ঝুঁকিপূর্ণ | সন্তোষজনক | সর্বমোট |
|---|---|---|---|---|---|
| ১ | শপিংমল/মার্কেট | ৬৭৪ | ৮৯৭ | ২৪ | ১৫৯৫ |
| ২ | শিক্ষা প্রতিষ্ঠান | ৩৩৬ | ১০৭২ | ১১৯ | ১৫২৭ |
| ৩ | হাসপাতাল/ক্লিনিক | ১৩৪ | ৫০২ | ৪৫ | ৬৯৯ |
| ৪ | ব্যাংক/বীমা | ১১ | ৫৯৩ | ২০১ | ৮০৫ |
| ৫ | আবাসিক হোটেল | ২৯ | ৪৩৩ | ৭১ | ৫৩৩ |
| ৬ | মিডিয়া সেন্টার | ০৩ | ২১ | ২৪ | ৪৮ |

### এ্যাম্বুলেন্স সার্ভিস

ফায়ার সার্ভিসের আওতায় ২০১৭-১৮ অর্থবছরে ৫০টি এ্যাম্বুলেন্স সংগ্রহ করা হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে ১৩,৪০০টি কলে সাড়া দিয়ে ১২,৮১৬ জন রোগীকে নিকটবর্তী হাসপাতাল/ ক্লিনিকে স্থানান্তর করা হয়েছে।




এ্যাম্বুলেন্সের মাধ্যমে রোগী পরিবহনের চিত্র

### পবিত্র ঈদ উৎসব উপলক্ষে যাতায়াতকারী বৃদ্ধ, শিশু, প্রতিবন্ধী, অসুস্থ ব্যক্তিদের সহায়তা প্রদান

২০১৮ সনে পবিত্র ঈদ-উল-ফিতর এবং ঈদ-উল-আজহার প্রাক্কালে ফায়ার সার্ভিসের পক্ষ থেকে মাওয়া ও পাটুরিয়া ঘাটে বিশেষ সার্ভিসের ব্যবস্থা করা হয়েছে। এ ব্যবস্থার মাধ্যমে মহিলা, বৃদ্ধ, শিশু, প্রতিবন্ধী এবং অসুস্থ ব্যক্তিবর্গকে বাস/লঞ্চ/ফেরি ইত্যাদি যান থেকে নামা ও উঠার ক্ষেত্রে ফায়ার সার্ভিসের কর্মীবৃন্দ সহায়তা প্রদান করেছে।

### ই-সেবা চালু

সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর ০২টি সেবাকে অনলাইন ভিত্তিক ই-সেবায় রূপান্তরিত করা হয়েছে। একটি হচ্ছে ই-ফায়ার লাইসেন্স, অন্যটি ই-বহুতল ভবনের ছাড়পত্র। সেবা গ্রহীতাগণ এখন ঘরে বসেই এই সেবা দুটি পেতে পারেন।

### জনস্বার্থে বিশেষ প্রশিক্ষণ কোর্স চালু

পোশাক কারখানাসহ দেশের সকল বাণিজ্যিক প্রতিষ্ঠানে অগ্নি নিরাপত্তা বিষয়ে দক্ষ জনশক্তি তৈরির উদ্দেশ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স দুটি স্বল্পমেয়াদী (০৬ মাস) প্রশিক্ষণ কোর্স চালু করেছে। একটি হচ্ছে ফায়ার সেইফটি ম্যানেজার কোর্স এবং অন্যটি ফায়ার সাইন্স অ্যান্ড অকুপেশনাল সেইফটি কোর্স। ২০১৬ সালে চালু হওয়া ৬ মাসব্যাপী কোর্সের ৮টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩৩৯জন।

### ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অগ্রগতির তুলনামূলক চিত্র

বর্তমান সরকার ক্ষমতায় আসার পর ফায়ার সার্ভিসের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এসব পদক্ষেপের তুলনামূলক চিত্র নিম্নের ছকে তুলে ধরা হল :

| ক্রমিক | ফায়ার স্টেশন/সাজ সরঞ্জামাদির বিবরণ | ২০০৫-২০০৬ | ২০১৭-২০১৮ |
|---|---|---|---|
| ১ | ফায়ার স্টেশনের সংখ্যা | ১৮৭ | ৩৪৬ |
| ২ | টার্ন টেবল লেডার | ০১ | ০৬ |
| ৩ | এরিয়েল প্লাটফর্ম লেডার | ০০ | ০৫ |
| ৪ | কেমিক্যাল টেন্ডার | ০০ | ০৬ |
| ৫ | মাল্টিপারপাস ভেহিক্যাল | ০০ | ০২ |
| ৬ | এ্যাম্বুলেন্স | ৫৯ | ১৬০ |
| ৭ | ইমার্জেন্সি টেন্ডার | ০২ | ৩৫ |
| ৮ | স্পেশাল ওয়াটার টেন্ডার | ০২ | ১৪ |
| ৯ | টু-হুইলার ওয়াটারমিস্ট | ০০ | ১৫০ |
| ১০ | ফোর হুইলার ওয়াটারমিস্ট | ০০ | ১০ |
| ১১ | রেসকিউ স্পিড বোট | ০০ | ১২ |
| ১২ | ফায়ার ফাইটিং শিপ (ফায়ারফ্লোট) | ০০ | ১০ |
| ১৩ | বিশেষায়িত উদ্ধার টিম | ০০ | ১৩ |




ন্যাশনাল ইমার্জেন্সি সার্ভিস '৯৯৯'এ দায়িত্ব পালনের চিত্র



## উন্নয়নের অভিযাত্রায় অদম্য বাংলাদেশ

# ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা









### ভিশন

অগ্নিকাণ্ডসহ সকল দুর্যোগ মোকাবেলায়
এশিয়ার অন্যতম শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসেবে সক্ষমতা অর্জন।

### মিশন

দুর্যোগ-দুর্ঘটনায় জীবন ও সম্পদ রক্ষার মাধ্যমে
নিরাপদ বাংলাদেশ গড়ে তোলা।

### মূলমন্ত্র

গতি, সেবা, ত্যাগ আমাদের মূলমন্ত্র
দুর্যোগ মোকাবেলায় আমরা দৃঢ় প্রতিজ্ঞ।

## বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স

দি লাইফ সেভিং ফোর্স

Phone : 02-9555 555, 01730336699
www.fireservice.gov.bd
bfscd.bd

## ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সরকারের একটি জরুরি সেবামূলক প্রতিষ্ঠান। প্রাকৃতিক ও মানবসৃষ্ট যে কোন দুর্যোগ-দুর্ঘটনা মোকাবেলায় এ অধিদপ্তরের কর্মীগণ অতন্দ্র প্রহরীর মতো সর্বদা নিয়োজিত। সারা দেশে বর্তমানে ৩৪৬টি ফায়ার স্টেশন চালু রয়েছে এবং কর্মরত জনবলের সংখ্যা প্রায় ১০,০০০জন।

বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর এ সেবাধর্মী প্রতিষ্ঠানটির আধুনিকায়ন ও দক্ষতা বৃদ্ধির জন্য নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা অনুযায়ী প্রতিটি উপজেলায় ন্যূনতম একটি করে ফায়ার স্টেশন স্থাপনের জন্য বিভিন্ন প্রকল্পের অধীনে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পগুলোর নির্মাণ কাজ সম্পন্ন হলে দেশে মোট ফায়ার স্টেশনের সংখ্যা হবে ৫৫৪টি এবং জনবল বৃদ্ধি পেয়ে দাঁড়াবে প্রায় ১৫,০০০ জন। স্টেশন ও জনবল বৃদ্ধির পাশাপাশি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে আরও যুগোপযোগী ও আধুনিক করার লক্ষ্যে সংযোজিত হচ্ছে নতুন নতুন সাজসরঞ্জাম ও যানবাহন।

## বর্তমান সরকারের আমলে উল্লেখযোগ্য অর্জন/সাফল্যজনক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ

### বাংলাদেশে আশ্রয় গ্রহণকারী রোহিঙ্গা শরণার্থীদের উদ্ধার ও প্রশিক্ষণ প্রদান

বাংলাদেশে আশ্রয় গ্রহণকারী রোহিঙ্গা শরণার্থীদের বিভিন্নমুখী সহায়তা প্রদানের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীবৃন্দ কাজ করে যাচ্ছেন। বিগত ২২.০৯.২০১৭ তারিখ হতে অদ্যাবধি মোট ৮৫৯ জন আহত ও অসুস্থ রোহিঙ্গা শরণার্থীকে ফায়ার সার্ভিসের নিজস্ব এ্যাম্বুলেন্সযোগে নিকটস্থ হাসপাতালে স্থানান্তর করা হয়েছে।

কক্সবাজার জেলাধীন উখিয়া উপজেলার অন্তর্গত কুতুপালং এবং টেকনাফ এলাকায় ২টি স্যাটেলাইট ফায়ার স্টেশন চালু করা হয়েছে। স্যাটেলাইট ফায়ার স্টেশনদ্বয়ের মাধ্যমে রোহিঙ্গা শরণার্থী শিবিরসমূহে সংঘটিত ৪৫টি অগ্নিকাণ্ডসহ ০২টি পাহাড় ধস, ০৮টি সড়ক দুর্ঘটনা, ০২টি নৌ দুর্ঘটনা এবং ১০টি অন্যান্য প্রাকৃতিক দুর্ঘটনায় যথাসময়ে সাড়া প্রদান করা হয়েছে।

রোহিঙ্গা শরণার্থী শিবিরে বসবাসকারীদের মধ্যে ১৫০০ জন রোহিঙ্গা শরণার্থীকে দুর্যোগ প্রতিরোধ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এছাড়া, রোহিঙ্গা শরণার্থীবৃন্দের বায়োমেট্রিক নিবন্ধীকরণের কাজ সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে ফায়ার সার্ভিসের ১৮টি জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা হয়েছে।

### ঢাকা মহানগরীর জলাবদ্ধতায় ফায়ার সার্ভিসের কার্যক্রম

ভারী বর্ষণসহ নানাবিধ কারণে ঢাকা মহানগরীতে জলাবদ্ধতা সৃষ্টি হয়ে থাকে। জলাবদ্ধতার কারণে সৃষ্ট জনদুর্ভোগ লাঘবকল্পে ফায়ার সার্ভিসের 'বয়া' ব্যবহার করে জনসাধারণকে জলমগ্ন রাস্তা পারাপারে সহায়তা প্রদান করা হয়ে থাকে।

### ন্যাশনাল ইমার্জেন্সি সার্ভিস '৯৯৯' এ দায়িত্ব পালন

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর গত ১২.১২.২০১৭ তারিখ থেকে ন্যাশনাল ইমার্জেন্সি সার্ভিস ৯৯৯ এ কার্যকরভাবে অংশগ্রহণ করে আসছে। ২০১৭-১৮ অর্থবছরে উক্ত সার্ভিসের আওতায় ৫৭৮৭টি অগ্নিকাণ্ড এবং ২৯৭টি অন্যান্য দুর্ঘটনায় ফায়ার সার্ভিসের কর্মীবৃন্দ যথাসময়ে সাড়া প্রদান করেছে।

### রাষ্ট্রীয় পদক ও সম্মানীর পরিমাণ বৃদ্ধি

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য পূর্বে পদকের সংখ্যা ছিল মাত্র ০৮টি । বর্তমান সরকার ক্ষমতায় আসার পর সাহসিকতা এবং ঝুঁকিপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ ২০১২ সাল হতে ৪ ক্যাটাগরিতে পদকসংখ্যা বৃদ্ধি করে ৫০টি এবং সম্মানী ভাতা পদক ভেদে ১ লাখ, ৭৫ হাজার ও ৫০ হাজার টাকায় উন্নীত করা হয়েছে। ২০১২ সাল হতে বিভিন্ন পদক প্রদানের তথ্য নিম্নের ছকে দেখানো হলো।

| ক্রমিক | পদকের নাম | পদক সংখ্যা | সাল | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১২ | ২০১৩ | ২০১৪ | ২০১৫ | ২০১৬ |
| ১ | বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স পদক | ১০টি | ০৪টি | ১০টি | ১০টি | ১০টি | ০৯টি |
| ২ | প্রেসিডেন্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স পদক | ১০টি | ০৪টি | ০৪টি | ১০টি | ০৯টি | ১০টি |
| ৩ | বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (সেবা) পদক (নতুন) | ১৫টি | ০৩টি | ১০টি | ১১টি | ১০টি | ১৫টি |
| ৪ | প্রেসিডেন্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (সেবা) পদক (নতুন) | ১৫টি | ০৩টি | ১২টি | ১৩টি | ১২টি | ১৪টি |

### জঙ্গিবিরোধী যৌথ অভিযানে অংশগ্রহণ

ফায়ার সার্ভিসের কর্মীবৃন্দ এ পর্যন্ত মোট ১৯টি জঙ্গিবিরোধী যৌথ অভিযানে অংশগ্রহণ করেছে। রাজশাহী জেলার গোদাগাড়িতে ১১.০৫.২০১৭ তারিখে পরিচালিত জঙ্গিবিরোধী অভিযানে ফায়ারম্যান মোঃ আবদুল মতিন শাহাদত বরণ করেন।

জঙ্গিবিরোধী অভিযানের বিষয়ে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০১৭-১৮ অর্থবছরে ফায়ার সার্ভিসের ১৯৯ জন সদস্য র‍্যাব ফোর্সেস ট্রেনিং স্কুল এবং এপিবিএন বিশেষায়িত ট্রেনিং সেন্টার হতে বিশেষ প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

### ঘূর্ণিঝড়/সাইক্লোন ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগে সাড়া প্রদান

বিগত ২০১৭-২০১৮ অর্থবছরে সৃষ্ট মোট ৪৭টি ঘূর্ণিঝড়ে সাড়া প্রদান করে নিহত ১৯ জনের মরদেহ এবং আহত ৯২৯ জনকে উদ্ধার করা হয়েছে। ২২ ও ২৫ এপ্রিল, ২০১৮ তারিখে ঢাকা মহানগরী এলাকা এবং পার্শ্ববর্তী জেলাসমূহের উপর দিয়ে বয়ে যাওয়া কালবৈশাখি ঝড়ে রাস্তায় পতিত হওয়া গাছপালা কেটে ও অপসারণ করে জনজীবন স্বাভাবিক রাখার ক্ষেত্রে ফায়ার সার্ভিসের কর্মীবৃন্দ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।

### রোড রেসকিউ কার্যক্রম

দেশের গুরুত্বপূর্ণ বিভিন্ন সড়ক ও মহাসড়কের ৯৪টি স্থানে ফায়ার সার্ভিসের কর্মীবৃন্দ উদ্ধারযান এবং এ্যাম্বুলেন্সসহ নিয়মিত ডিউটি করছেন। সড়ক দুর্ঘটনায় উদ্ধার কাজ পরিচালনা ও এ্যাম্বুলেন্স সেবা প্রদানসহ যানবাহনের গতিবেগ সীমিত রাখার জন্যও এসব পয়েন্ট থেকে নিয়মিত প্রচারণামূলক কার্যক্রম পরিচালনা করা হয়। বর্তমান সরকারের সময়ে (২০০৯ হতে জুন ২০১৮ পর্যন্ত) মোট ৩৯,৩৯১টি সড়ক দুর্ঘটনায় অংশ নিয়ে মোট ৬৬,০৫২ জনকে উদ্ধার করা হয়েছে।

### পাহাড় ধসে উদ্ধার কার্যক্রম

২০১৭-১৮ অর্থবছরে দেশে মোট ৫২টি পাহাড় ধসের ঘটনা ঘটে। এসব দুর্ঘটনায় সাড়া দিয়ে নিহত ৯১ জনের মরদেহ এবং আহত ৫২ জনকে উদ্ধার করা হয়েছে।



চট্টগ্রামে পাহাড়ধসের উদ্ধার কার্যক্রম

### বন্যাদুর্গত এলাকায় উদ্ধার ও ত্রাণ কার্যক্রম

বিগত ২০১৭-২০১৮ অর্থবছরের বন্যায় ফায়ার সার্ভিসের কর্মী বাহিনী বন্যা উপদ্রুত এলাকাসমূহে উদ্ধার কাজ পরিচালনার পাশাপাশি বিশুদ্ধ পানি, পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট এবং ত্রাণ সামগ্রী বিতরণ করে।

### কমিউনিটি ভলান্টিয়ার প্রস্তুতকরণ

দুর্যোগ প্রতিরোধ এবং উদ্ধার কাজ পরিচালনায় ফায়ার সার্ভিস বাহিনীকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য ৪০,৩৭১ জন কমিউনিটি ভলান্টিয়ার প্রস্তুতপূর্বক তাদেরকে দুর্যোগ বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



কমিউনিটি ভলান্টিয়ারদের প্রশিক্ষণ কার্যক্রম

### দুর্ঘটনা কবলিত/আটকে পড়া পশুপাখি উদ্ধার

গত ২৭.০৪.২০১৮ তারিখে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রাকসু ভবনের সম্মুখস্থ এলাকায় ০১টি বসন্ত বাউরি পাখি বৈদ্যুতিক তারে জড়িয়ে পড়ে দুর্ঘটনার শিকার হয়। খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীবৃন্দ দুর্ঘটনা কবলিত পাখিটিকে দ্রুত উদ্ধার করে।

গত ২০.০৫.২০১৭ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকার একটি গাছে ০১টি বাজপাখি আহত অবস্থায় আটকা পড়ে। ফায়ার সার্ভিসের কর্মীবৃন্দ কর্তৃক বাজ পাখিটিকে গাছের মগডাল থেকে তাৎক্ষণিক উদ্ধার করে চিকিৎসার ব্যবস্থা করা হয়।